**AKASHVANI (Kolkata**
**Regional News Unit**

**Date : 24-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling : Shankar M.**
**DEO : KB** **NR : Priya B.**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ –

## বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্য বিধানসভার চলতি অধিবেশন আজ শেষ হয়েছে।
# চার বিধায়কের সাসপেনশনের প্রতিবাদে বিজেপি আজ বিধানসভার অধিবেশন বয়কট করে।

২/ নদীয়ার কালীগঞ্জে বোমা বিষ্ফোরণে মৃত তামান্না খাতুনের দেহ আজ সন্ধায় সমাহিত করা হয়েছে। # বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, এই ঘটনায় শাসক দলের তীব্র সমালোচনা করেছেন।

৩/ রাজস্থানের ভিওয়াডিতে এ'রাজ্যের প্রায় চারশো শ্রমিককে বাংলাদেশি সন্দেহে আটক করে রাখার ঘটনায়, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।

৪/ আগামীকাল ২৫ শে জুন দেশজুড়ে পালিত হবে 'সংবিধান হত্যা দিবস'।

৫/ কলকাতা হাইকোর্ট, সুপার নিউমেরারি পদ তৈরি করে কর্মশিক্ষা ও শারীরশিক্ষায় টাকার বিনিময়ে কারো চাকরি হয়েছিল কিনা, তা' জানতে চেয়েছে।

*************************************************************************

রাজ্য বিধানসভার চলতি অধিবেশন আজ শেষ হয়েছে। প্রথামাফিক ধন্যবাদ সূচক প্রস্তাব পাঠের মধ্য দিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবির কথা ঘোষণা করেন। নিজের সমাপ্তি ভাষণে অধ্যক্ষ, শাসক ও বিরোধী পক্ষের বিধায়কদের আরো বেশি করে অধিবেশনে সক্রিয়ভাবে যোগ দেওয়ার আহ্বান জানান। নিজের বিরুদ্ধে ওঠা পক্ষপাতিত্বের অভিযোগ খারিজ করে দিয়ে অধ্যক্ষ বলেন, এই অধিবেশনে মোট ১৬৩টি প্রশ্নের মধ্যে ৯০ টি ছিল বিরোধীদের। অতিরিক্ত প্রশ্নের ক্ষেত্রেও বিরোধী বিধায়কদের দ্বিগুণ সুযোগ দেওয়া হয়েছে বলে তিনি জানান। সভায় গতকালের গোলমাল নিয়ে তিনি 'নিরপেক্ষ তদন্তে'র আশ্বাস দিয়েছেন। নিরাপত্তা রক্ষীদের ওপর বিজেপি বিধায়কদের হামলা এবং দুই বিধায়কের ঘড়ি ও চশমা ভেঙে যাওয়ার ঘটনারও তদন্ত করা হবে বলে তিনি জানান।

তবে বিরোধী পক্ষের কোন সদস্য সেই সময় বিধানসভায় উপস্থিত ছিলেন না।

বিধানসভার দুই সংগীত শিল্পী সদস্য- মন্ত্রী বাবুল সুপ্রিয় এবং অদিতি মুন্সির সংগীত পরিবেশন এর মধ্য দিয়ে অধিবেশনের সমাপ্তি ঘটে।

**************************

চার বিধায়কের সাসপেনশনের প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ বিধানসভার অধিবেশন বয়কট করে বিক্ষোভ দেখায়।

দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ অভিযোগ করেন, বিধানসভায় যে পদ্ধতিতে বিল পেশ করা হচ্ছে তা সমর্থনযোগ্য নয় এবং রাজ্যের পক্ষেও বিপদজনক।

অধ্যক্ষ বিধানসভাকে ছেলেখেলার পর্যায়ে নিয়ে গেছেন বলেও তাঁর অভিযোগ।

**************************

বিধানসভার অধিবেশন চলাকালীন গতকাল শাসক ও বিরোধীদের মধ্যে নজিরবিহীন সংঘর্ষে আহত নিরাপত্তা কর্মীদের সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দেখা করে দ্রুত আরোগ্য কামনা করেন। গোটা ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তিনি অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়কে যথাযথ ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান।

**************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিধানসভায় উপস্থিতি ও গঠনমূলক অংশগ্রহণের জন্য পুরস্কার চালুর প্রস্তাব দিয়েছেন। বিধানসভায় আজ পরিবেশ সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, ইতিবাচক কাজের জন্য পুরস্কার দিলে আগ্রহ বাড়বে। নিয়মিত যাঁরা আসেন, ভালোভাবে অংশগ্রহণ করেন, তাঁদের স্বীকৃতি দেওয়া উচিত।

শুধু বিধায়করাই নন, বিধানসভার কর্মী এবং ইতিবাচকভাবে খবর করা সাংবাদিকদেরও এই পুরস্কারের আওতায় আনার প্রস্তাব দেন মুখ্যমন্ত্রী।

অন্যদিকে, বিরোধীদের আক্রমণ করে মুখ্যমন্ত্রী বলেন, গতকাল যারা বিধানসভায় অন্যায় করল, তারাই আজ অভিযোগ করছে। অথচ পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য যেখানে বিধানসভায় বিরোধীরা সবচেয়ে বেশি সুযোগ পান।

*************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, ইরান-ইজরায়েল সংঘাত ঘিরে আন্তর্জাতিক উত্তেজনার আবহে শান্তির বার্তা দিয়েছেন। রাজ্য বিধানসভায় আজ পরিবেশ নিয়ে আলোচনায় মুখ্যমন্ত্রী বলেন, যুদ্ধের প্রভাবে আকাশ-বাতাস-জল সবই দূষিত হচ্ছে। তাই ভারত সরকারকে শান্তি প্রতিষ্ঠায় উদ্যোগী হতে তিনি আহ্বান জানিয়েছেন।

*************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যে জলাভূমি বোজানোর প্রবণতা নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। বিধানসভায় আজ পরিবেশ রক্ষা সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বিশ্ব পরিবেশ রক্ষায় জলাভূমির গুরুত্ব অপরিসীম। নিজ স্বার্থে পুকুর বুজিয়ে বাড়ি বা নির্মাণকাজ করলে, তাকেও 'অবৈধ নির্মাণ' হিসেবে গণ্য করা হবে। পরবর্তীতে তা' ভেঙে দেওয়ার জন্য স্থানীয় প্রশাসন এবং পরিবেশ দপ্তরকে নির্দেশ দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, মুনাফার জন্য জলাভূমি বোজানোর প্রবণতা কখনোই গ্রহণযোগ্য নয়। সাম্প্রতিককালে একাধিক অগ্নিকাণ্ডের ঘটনা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, এলাকা ঘিঞ্জি হয়ে ওঠায় সেখানে অ্যাম্বুল্যান্স পর্যন্ত ঢুকতে পারছে না।

এদিকে মুখ্যমন্ত্রীর বক্তব্য পেশের সময় বিজেপি বিধায়করা আজও সভার বাইরে 'চুপ বিধানসভা চলছে' লেখা প্ল্যাকার্ড নিয়ে বিক্ষোভে সরব হন। অধ্যক্ষের বিরুদ্ধে পক্ষপাতিত্ব এবং বিরোধীদের কণ্ঠরোধের অভিযোগে তাঁদের এই বিক্ষোভ।

*************************

পূর্ব কলকাতার জলাভূমি বাঁচাতে কলকাতা হাইকোর্ট, দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রশাসন, জলাভূমি কর্তৃপক্ষ, রাজ্য বিদ্যুৎ বন্টন সংস্থা এবং CESC-কে আরো সক্রিয় হতে নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিন্‌হা, দীর্ঘদিন ধরে মামলাটি বিচারাধীন থাকলেও বেআইনি নির্মাণ চিহ্নিত করা ও ভাঙার ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছেনা বলে তাঁর পর্যবেক্ষণে জানিয়েছেন। বেআইনি নির্মাণের ওপর বসবাসকারীদের বিদ্যুৎ সংযোগের বিষয়ে বোঝানোর জন্যেও বিচারপতি দুই বিদ্যুৎ সংস্থাকে নির্দেশ দিয়েছেন। চিহ্নিত ৫৫০ টি বেআইনি নির্মাণ অবিলম্বে ভেঙ্গে জলাভূমি বাঁচানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতেও বলেছে আদালত।

আগামী বৃহস্পতিবার ( ২৬ জুন) তিন কর্তৃপক্ষের যৌথ প্রতিনিধি দল ঐ এলাকায় পরিদর্শনে যাবে বলে আদালতকে জানানো হয়েছে।

**************************

নদীয়ার কালীগঞ্জে বোমা বিস্ফোরণে মৃত চতুর্থ শ্রেনীর ছাত্রী তামান্না খাতুনের দেহ আজ সন্ধ্যায় সমাহিত করা হয়েছে। শক্তিনগর জেলা হাসপাতালে ময়নাতদন্তের পর তার দেহ মুলান্দি গ্রামে নিয়ে যাওয়া হলে কান্নায় ভেঙে পড়েন মা বাবা সহ গোটা গ্রাম। এই ঘটনায় পুলিশ এখনো পর্যন্ত চারজনকে গ্রেপ্তার করেছে। তাদের আজ আদালতে তোলা হলে আদর শেখ ও মনোয়ার শেখের ছয় দিনের পুলিশ হেফাজত এবং কালু শেখ ও আনোয়ার শেখের জেল হেফাজত হয়েছে।

মর্মান্তিক এই ঘটনায় ক্ষোভ দানা বেঁধেছে সর্বস্তরে। যুব কংগ্রেস কর্মী-সমর্থকরা আজ কলকাতার বিধাননগরে রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের দপ্তরের সামনে বিক্ষোভ দেখায়। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান তারা।

শিলিগুড়ির সফদর হাশমি চক থেকে দার্জিলিং জেলা কংগ্রেস কমিটির উদ্যোগে আজ প্রতিবাদ মিছিল বের হয়।

**************************

রাজ্য বিজেপি সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার নদীয়ার কালীগঞ্জে ভোটের ফল ঘোষণার পর এক নাবালিকার মৃত্যুর ঘটনায় মুখ্যমন্ত্রীর ভূমিকার সমালোচনা করেছেন। নাবালিকার পরিবার অন্য দলকে সমর্থন করার জন্য এভাবে তাঁকে হত্যা করা হয়েছে বলে তাঁর অভিযোগ।

( বাইট- সুকান্ত কালীগঞ্জ )

**************************

রাজস্থানের ভিওয়াডিতে এ'রাজ্যের প্রায় চারশো শ্রমিককে বাংলাদেশি সন্দেহে আটক করে রাখার ঘটনায়, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।

কেন্দ্রের শাসক দল বিজেপির বিরুদ্ধে বাঙালি বিদ্বেষের অভিযোগ তুলে তিনি আজ বিধানসভায় সাংবাদিকদের বলেন, বাংলা ভাষায় কথা বললে মানুষকে বাংলাদেশী বলে চিহ্নিত করে দেওয়া হচ্ছে। এটা দুর্ভাগ্যজনক। বাংলা ভাষাভাষীদের ওপর এই অত্যাচার কোণভাবেই মেনে নেওয়া হবেনা বলে শ্রীমতী ব্যানার্জী জানান।

( বাইট- মমতা )

এ'বিষযয়ে মুখ্যসচিব মনোজ পন্থকে তিনি রাজস্থানের মুখ্য সচিবের সঙ্গে কথা বলার নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রীকেও বিষয়টি জানানো হবে বলে তিনি উল্লেখ করেন।

**************************

আগামীকাল ২৫ শে জুন দেশজুড়ে 'সংবিধান হত্যা দিবস' পালিত হবে। ১৯৭৫ সালের এই দিনে দেশে জরুরী অবস্থা ঘোষণা করা হয়। তা' চলে ১৯৭৭ সালের ২১শে মার্চ পর্যন্ত। এর কারণ হিসেবে অভ্যন্তরীণ গোলযোগকে তুলে ধরা হয়েছিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর 'মন কি বাত' অনুষ্ঠানে জরুরী অবস্থার ঘোষণাকে ভারতীয় গণতন্ত্রের এক কালো অধ্যায় হিসেবে চিহ্নিত করেছেন।

( বাইট- PM )

কেন্দ্র ১৯৭৫ সালের এই জরুরি অবস্থা ঘোষণাকে 'সংবিধান হত্যা দিবস' হিসেবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে। বিষয়টি নিয়ে আমরা হাজির হয়েছিলাম বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনের কাছে। অর্থনীতিবিদ সুদীপ্ত গুহ বললেন, এই জরুরি অবস্থা ঘোষণার মাধ্যমে প্রকৃত অর্থে ভারতের সংবিধানকে কলুষিত করা হয়।

(বাইট- সুদীপ্ত গুহ)

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

*************************

কলকাতা হাইকোর্ট, সুপার নিউমেরারি পদ তৈরি করে কর্মশিক্ষা ও শারীরশিক্ষায় টাকার বিনিময়ে কারো চাকরি হয়েছিল কিনা, তা' জানতে চেয়েছে।

প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতির তদন্তে CBI-এর পেশ করা অতিরিক্ত চার্জশিটে টাকা নিয়ে চাকরি বিক্রির উল্লেখ রয়েছে। কর্মশিক্ষা ও শারীরশিক্ষায় নিয়োগ নিয়ে CBI-এর তদন্ত কিছু হয়েছে কিনা, বিচারপতি বিশ্বজিৎ বসু আজ আদালতকে তা' জানাবার নির্দেশ দিয়েছেন। বিচারপতি বসু, CBI-এর আইনজীবী ধীরজ ত্রিবেদীকে আগামী মঙ্গলবার এবিষয়ে জানাতে নির্দেশ দিয়েছেন।

**********************************************************************